কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

"কৃষি ভবন"
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
মহা ব্যবস্থাপক(বীজ) এর দপ্তর

স্মারক নং ঃ ১২.২৭১.০৩৫.০১.০২.১৩২.২০১০-৪২২(৩৫) তারিখ ঃ ২৯/০৭/২০১৩ খ্রিঃ

**বিষয় ঃ কৃষি মন্ত্রণালয়ে ২২/০৭/২০১৩ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৬৫তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ২২/০৭/২০১৩ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৬৫তম সভার কার্যবিবরণী অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ সভার কার্যবিবরণী।

২৯/৭/১৩

(মোঃ আব্দুস সোবহান)
পক্ষে
সদস্য সচিব, সীড প্রমোশন কমিটি
কৃষি মন্ত্রণালয়
ও
মহা ব্যবস্থাপক(বীজ), বিএডিসি, ঢাকা
E-mail: gmseed@badc.gov.bd
ফোন ঃ ৯৫৫২৩১৭

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। মহা পরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৪। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৫। পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৬। পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৭। পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৮। পরিচালক (কৃষি), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৯। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
১০। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১। পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
১২। প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০।
১৩। প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।
১৪। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, কাদিরগঞ্জ, আমবাগান, রাজশাহী-৬২০২।
১৫। মহা ব্যবস্থাপক(পাট বীজ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৬। অতিরিক্ত মহা ব্যবস্থাপক (খামার/বীপ্রস/বীবি/ কগ্রো/সিডিপি ক্রপস্), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক (বীআমক/বীউ/ডাল ও তৈল বীজ/ইএসএমএফএসআর), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৮। সভাপতি, সীড ফেডারেশন অব বাংলাদেশ, ১৭/১ লেক সার্কাস, এ্যাপার্টমেন্ট নং ৩এ (৪র্থ তলা), কলাবাগান, ঢাকা-১২০৫।
১৯। সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন (BSA), ১৪৫, সিদ্দিক বাজার, ঢাকা-১০০০।

সানুগ্রহ জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০।
২। ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ঢাকা-১০০০।
৪। মহা পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৫। মহা পরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৬। মহা পরিচালক, , বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৭। মহা পরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
৮। মহা পরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

# কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ২২/০৭/২০১৩ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৬৫তম সভার কার্য বিবরণী

সীড প্রমোশন কমিটির ৬৫তম সভা ২২/০৭/২০১৩ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নং ৫১২, ভবন নং ৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হয়। সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) জনাব স্বপন কুমার সাহা সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিগণের তালিকা পরিশিষ্ট 'ঘ'-তে সন্নিবেশিত করা হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে সভায় স্বাগত জানান। এরপর জনাব মোঃ শাহজাহান আলী, উপদেষ্টা, পেট্রোকেম (বাংলাদেশ) লিঃ, সভাপতির দৃষ্টি আকর্ষণ করে সম্প্রতি পরলোকগত উচ্চ ফলনশীল বীজআলু সরবরাহকারী প্রতিষ্ঠান ব্লুমুন ইন্টারন্যাশনলের স্বত্বাধিকারি জনাব আনোয়ারুল হক এর আত্মার মাগফিরাতের উদ্দেশ্যে বিশেষ দোয়া করে সভা শুরু করার আহবান জানান। সভাপতি মহোদয় তা সম্মতি জানালে ড. মোঃ রেজাউল করিম, উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বিএডিসি সভায় মরহুম আনোয়ারুল হক এর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত পরিচালনা করেন। এর পর সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব ও মহা ব্যবস্থাপক(বীজ), বিএডিসি জনাব মোঃ আজিজুল হককে অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সদস্য সচিব আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়াদি সভায় উপস্থাপন করেন ঃ

**আলোচ্য সূচী ১ ঃ ১৩/০৫/২০১৩ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৬৪তম সভার কার্য বিবরণী অনুমোদন।**

সদস্য সচিব জানান যে, মহা ব্যবস্থাপক(বীজ) এর দপ্তর স্মারক নং ১২.২৭১.০৩৫.০১.০২.১৩২.২০১০-৩৩২(৩৩) তারিখ ২১/০৫/২০১৩ মোতাবেক ৬৪তম সভার কার্যবিবরণী কমিটির সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়। কার্যবিবরণীর বিষয়ে অদ্যাবধি কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। এমতাবস্থায়, সভাপতি সীড প্রমোশন কমিটির ৬৪তম সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী, সংযোজন ও বিয়োজন না থাকলে উহা অনুমোদনের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। সভায় সীড প্রমোশন কমিটির কার্যবিবরণীর বিষয়ে কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে ৬৪তম সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

**আলোচ্য সূচী ২ ঃ ১৩/০৫/২০১৩ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৬৪তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সদস্য সচিব ৬৪তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, সীড প্রমোশন কমিটির ৬৪তম সভায় ৫টি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়-যার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| ০২ | **বিষয় ঃ ২০১৩-১৪ বর্ষে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**<br>**সিদ্ধান্ত ঃ**<br>(১) বিএডিসি ২০১৩-১৪ বর্ষে ৩৫৫০ মে.টন ভিত্তি, ৪০৫০ মে.টন প্রত্যায়িত এবং ১৫৫০০ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ২৩১০০ মে.টন (বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির ২০৫০ মে.টন সহ) আমন বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্বঃ বিএডিসি ও এসসিএ** | বিএডিসি ২০১৩-১৪ বর্ষে খামার বিভাগ, পাট বীজ বিভাগ, আলু বীজ বিভাগ, কঃগ্রোঃ বিভাগ এবং ধান, গম ও ভূট্টার উন্নততর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ২৫টি জাতের মোট ৩৫৫০ মে.টন ভিত্তি, ১৩টি জাতের ৪০৫০ মে.টন প্রত্যায়িত এবং ১৮টি জাতের মোট ১৫৫০০ মে.টন মানঘোষিত শ্রেণীসহ সর্বমোট ২৩১০০ মে.টন আমন ধান বীজ উৎপাদন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করছে। বীজতলায় চারা উৎপাদনসহ জমিতে চারা রোপনের কাজ চলছে। |
| | (২) ২০১৩-১৪ বর্ষে 'ব্রি' ২১টি জাতের ১৭৪০৫ কেজি, 'বিনা' ৩টি জাতের ৪০৯০ কেজি এবং 'বশেমুরকৃবি' ১টি জাতের ৫০০ কেজি মৌল বীজ বিএডিসিকে সরবরাহ করবে।<br>**দায়িত্বঃ ব্রি, বিনা ও বশেমুরকৃবি** | (২) ২০১৩-১৪ বর্ষে 'ব্রি' ২১টি জাতের ১৪৮২০ কেজি, 'বিনা' ২টি জাতের ৪২৭৫ কেজি এবং 'বশেমুরকৃবি' ১টি বিইউ ধান-১ জাতের ৪২০ কেজিসহ মোট ১৯৫১৫ কেজি মৌল বীজ বিএডিসি'কে সরবরাহ করেছে। চাহিদামত মৌল বীজ না পাওয়ায় বিএডিসি'র ২০১২-১৩ বর্ষে উৎপাদিত ও সংরক্ষিত বিভিন্ন জাতের ২৭৮০ কেজি ভিত্তি স্টেজ-১ দ্বারা ভিত্তি স্টেজ-২ আমন বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। |
| | (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠান নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনী প্লট স্থাপন করবে।<br>**দায়িত্বঃ ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান** | (৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে আমন মৌসুমে দেশব্যাপী মোট ১৩০৯০টি প্রদর্শনী প্লট স্থাপন কার্যক্রম গ্রহণ করছে। তাছাড়া তাদের দাখিলকৃত প্রকল্প অনুমোদন সাপেক্ষে আরও প্রদর্শনী প্লট স্থাপন করার পরিকল্পনা রয়েছে। |

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
| --- | --- | --- |
| | (৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচি অনুযায়ী উৎপাদিত সমুদয় আমন বীজ বিক্রয়ের জন্য বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন ও সংবাদপত্রসহ সকল প্রচার মাধ্যমে সর্বাত্মক প্রচারণার কার্যক্রম গ্রহণ করবে।<br><br>এ পর্যায়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কৃষি তথ্য সার্ভিসের প্রতিনিধি জানান যে, বাংলাদেশ বেতার, টেলিভিশন ও সংবাদপত্র এবং কৃষিকথা পত্রিকাসহ বিভিন্ন প্রচার মাধ্যমে কৃষি বিষয়ক তথ্যের প্রচারণার অব্যাহত আছে। তবে বিএডিসি হতে সুনির্দিষ্ট প্রস্তাব পাওয়া গেলে তা সকল মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা যাবে।<br><br>**দায়িত্বঃ কৃষি তথ্য সার্ভিস** | (৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচি অনুযায়ী বিএডিসি'র উৎপাদিত ও সংরক্ষিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন ও সংবাদপত্র এবং কৃষিকথা পত্রিকাসহ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচারণার ব্যবস্থা গ্রহণ করে আসছে।<br><br>উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের লক্ষ্যে মৌসুম শুরুর পূর্বে বিএডিসি শ্রেণী, জাত ও পরিমান ভিত্তিক সুনির্দিষ্ট প্রস্তাব কৃষি তথ্য সার্ভিসকে জানালে তারা সকল মাধ্যমে তা প্রচারের ব্যবস্থা গ্রহন করবে। |
| | **বিষয় ঃ ২০১৩-১৪ বর্ষে বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**<br><br>**সিদ্ধান্ত ঃ**<br>বিএডিসি ২০১৩-১৪ বর্ষে আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রার মধ্য হতে 'বীজের আপৎকালীন মজুদ কর্মসূচি'র মাধ্যমে ২৬০ মে.টন বিআর-২২, ১২৫০ মে.টন বিআর-২৩, ১০০ মে.টন ব্রিধান-৩০, ৭০ মে. টন ব্রিধান-৩২, ৬০ মে. টন ব্রিধান-৪০, ১০০ মে.টন ব্রিধান-৪৬, ৫০ মে. টন ব্রিধান-৫২, ৫৫ মে.টন বিনাশাইল, ৫৫ মে.টন নাইজারশাইল এবং ৫০ মে. টন বিনাধান-৭ জাতসহ মোট ২০৫০ মে.টন মানঘোষিত শ্রেণীর আমন বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্বঃ বিএডিসি** | বিএডিসি বীজের আপৎকালীন মজুদ কর্মসূচির মাধ্যমে ২০১৩-১৪ বর্ষে ২৬০ মে.টন বিআর-২২, ১২৫০ মে.টন বিআর-২৩, ১০০ মে.টন ব্রিধান-৩০, ৭০ মে. টন ব্রিধান-৩২, ৬০ মে. টন ব্রিধান-৪০, ১০০ মে.টন ব্রিধান-৪৬, ৫০ মে. টন ব্রিধান-৫২, ৫৫ মে.টন বিনাশাইল, ৫৫ মে.টন নাইজারশাইল এবং ৫০ মে. টন বিনাধান-৭ জাতসহ মোট ২০৫০ মে.টন মানঘোষিত শ্রেণীর আমন বীজ উৎপাদনের কার্য্যক্রম বাস্তবায়ন করছে । বীজতলায় চারা উৎপাদনসহ জমিতে চারা রোপনের কাজ চলছে। |
| | **বিষয় ঃ ২০১৩-১৪ বর্ষে ডাল ও তৈল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**<br><br>**সিদ্ধান্ত ঃ**<br>**৫.১ ডালবীজ ঃ**<br>**৫.১.১ মুগ বীজ ঃ**<br>১) বিএডিসি ২০১৩-১৪ বর্ষে ১৯০ মে.টন ভিত্তি এবং ৫৪৫ মে.টন মানঘোষিতসহ মোট ৭৩৫ মে.টন মুগ বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্ব ঃ বিএডিসি**<br>২) ২০১৩-১৪ বর্ষে ৩৪০০ কেজি বারিমুগ-৬, ২৬০০ কেজি বিনামুগ-৫, ২০০ কেজি বিনামুগ-৭, ১০০০ কেজি বিনামুগ-৮ ও ৪০০ কেজি বিইউমুগ-৪ জাতসহ মোট ৭৬০০ কেজি মৌলবীজ বারি, বিনা ও বশেমুরকৃবি বিএডিসি'কে সরবরাহ করবে ।<br>**দায়িত্ব ঃ বারি, বিনা ও বশেমুরকৃবি**<br>৩) গবেষণা প্রতিষ্ঠানসমূহ অধিক ফলনশীল, বৃষ্টি সহনীয়, একসাথে কর্তন ও সংগ্রহযোগ্য মুগ বীজের জাত উদ্ভাবনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করবে। ডিএই কৃষক পর্যায়ে নতুন উদ্ভাবিত মুগ ডালের জাতগুলো সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণ করবে।<br>**দায়িত্ব ঃ ডিএই ও গবেষণা প্রতিষ্ঠান** | ১) বিএডিসি ডাল ও তৈল বীজ বিভাগের মাধ্যমে ২০১৩-১৪ বর্ষে খরিপ-১ ও খরিপ-২ মৌসুমে সীড প্রমোশন কমিটির নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৯০ মে.টন ভিত্তি ও ৫৪৫ মে.টন মানঘোষিতসহ মোট ৭৩৫ মে.টন মুগবীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করবে।<br>২) ৩৪০০ কেজি বারিমুগ-৬, ২৬০০ কেজি বিনামুগ-৫, ২০০ কেজি বিনামুগ-৭, ১০০০ কেজি বিনামুগ-৮ ও ৪০০ কেজি বিইউমুগ-৪ জাতসহ মোট ৭৬০০ কেজি মৌলবীজ মৌসুম শুরুর পূর্বে সরবরাহের জন্য বারি, বিনা ও বশেমুরকৃবি'র নিকট অনুরোধ করা হয়েছে।<br><br>৩) গবেষণা প্রতিষ্ঠানসমূহ মুগ বীজের জাত উদ্ভাবন ও ডিএই কর্তৃক কৃষক পর্যায়ে নতুন জাত সম্প্রসারণের কর্মসূচি বাস্তবায়ন অব্যাহত রয়েছে। |

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | **৫.১.২ মসুর বীজ ঃ**<br>১) বিএডিসি ২০১৩-১৪ বর্ষে ১৮০ মে.টন ভিত্তি এবং ৫২৩ মে.টন মানঘোষিত বীজ সহ মোট ৭০৩ মে.টন মসুর বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্ব ঃ বিএডিসি**<br><br>২) ২০১৩-১৪ বর্ষে ২০০০ কেজি বারিমসুর-৩, ৬০০ কেজি বারিমসুর-৪, ৬০০ কেজি বারিমসুর-৫ ও ২০০০ কেজি বারিমসুর-৬, ২০ কেজি বারিমসুর-৭ সহ মোট ৫৪০০ কেজি মৌলবীজ বারি কর্তৃক এবং ৪০০ কেজি বিনামসুর-২, ৪০০ কেজি বিনামসুর-৩, ৫০০ কেজি বিনামসুর-৫ ও ৫০০ কেজি বিনামসুর-৬ সহ মোট ১৮০০ কেজি মৌলবীজ বিনা কর্তৃকসহ সর্বমোট ৭২০০ কেজি মৌলবীজ বারি ও বিনা বিএডিসিকে সরবরাহ করবে।<br>**দায়িত্ব ঃ বারি ও বিনা** | ১) বিএডিসি ডাল ও তৈল বীজ বিভাগের মাধ্যমে ২০১৩-১৪ বর্ষে রবি মৌসুমে ১৮০ মে.টন ভিত্তি এবং ৫২৩ মে.টন মানঘোষিত বীজ সহ মোট ৭০৩ মে.টন মসুর বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়ন করবে।<br><br>২) ২০১৩-১৪ বর্ষে ২০০০ কেজি বারিমসুর-৩, ৬০০ কেজি বারিমসুর-৪, ৬০০ কেজি বারিমসুর-৫ ও ২০০০ কেজি বারিমসুর-৬, ২০০ কেজি বারিমসুর-৭ সহ মোট ৫৪০০ কেজি মৌলবীজ বারি কর্তৃক এবং ৪০০ কেজি বিনামসুর-২, ৪০০ কেজি বিনামসুর-৩, ৫০০ কেজি বিনামসুর-৫ ও ৫০০ কেজি বিনামসুর-৬ জাতসহ মোট ১৮০০ কেজি মৌলবীজ মৌসুম শুরুর পূর্বে বিএডিসি'র নিকট সরবরাহ করার জন্য বারি ও বিনাকে অনুরোধ জানানো হয়েছে। |
| | **৫.১.৩ ছোলা বীজ ঃ**<br>১) বিএডিসি ২০১৩-১৪ বর্ষে ভিত্তি ১৬ মে.টন ও মানঘোষিত ৬০ মে.টনসহ মোট ১০৬ মে.টন ছোলা বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্ব ঃ বিএডিসি**<br>২) ২০১৩-১৪ বর্ষে ৬০০ কেজি বারিছোলা-৫, ১২০ কেজি বারিছোলা-৯, ৬০ কেজি বিনাছোলা-৪, ৬০ কেজি বিনাছোলা-৫, ২০ কেজি বিনাছোলা-৭, ২০ কেজি বিনাছোলা-৮ এবং ৬০ কেজি বিইউছোলা-১ সহ মোট ৯৪০ কেজি মৌল বীজ বারি, বিনা ও বশেমুরকৃবি বিএডিসিকে সরবরাহ করবে।<br>**দায়িত্ব ঃ বারি, বিনা ও বশেমুরকৃবি** | ১) বিএডিসি ডাল ও তৈল বীজ বিভাগের মাধ্যমে ২০১৩-১৪ বর্ষে রবি মৌসুমে ১৬ মে.টন ভিত্তি ও ৯০ মে.টন মানঘোষিত শ্রেণীর ছোলা বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করবে।<br><br>২) বারি'র নিকট ৬০০ কেজি বারিছোলা-৫, ১২০ কেজি বারিছোলা-৯,বিনা'র নিকট ৬০ কেজি বিনাছোলা-৪, ৬০ কেজি বিনাছোলা-৫, ২০ কেজি বিনাছোলা-৭, ২০ কেজি বিনাছোলা-৮ এবং বশেমুরকৃবি'র নিকট ৬০ কেজি বিইউছোলা-১ জাতের মৌলবীজ মৌসুম শুরুর পূর্বে সরবরাহের জন্য অনুরোধ করা হয়েছে। |
| | **৫.১.৪ মাসকলাই বীজ ঃ**<br>১) বিএডিসি ২০১৩-১৪ বর্ষে ৪০ মে.টন ভিত্তি ও ২৭০ মে.টন মানঘোষিতসহ মোট ৩১০ মে.টন মাসকলাই বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্ব ঃ বিএডিসি**<br><br>২) বারি কর্তৃক ২০১৩-১৪ বর্ষে বারিমাস-৩ জাতের ১৯২০ কেজি মৌল বীজ বিএডিসিকে সরবরাহ করবে।<br>**দায়িত্ব ঃ বারি**<br><br>৫.১.৫ **খেসারী বীজ ঃ**<br>১) বিএডিসি ২০১৩-১৪ বর্ষে ৩০ মে.টন ভিত্তি এবং ১৪০ মে.টন মানঘোষিতসহ মোট ১৭০ মে.টন খেসারী বীজ উৎপাদন করবে।<br><br>**দায়িত্ব ঃ বিএডিসি**<br><br>২) ২০১৩-১৪ বর্ষে বারিখেসারী-১ জাতের ৭২০ কেজি ও বারিখেসারী-২ জাতের ৪৮০ কেজি এবং বিনাখেসারী-১ জাতের ২৪০ কেজিসহ মোট ১৪৪০ কেজি মৌলবীজ বারি ও বিনা বিএডিসিকে সরবরাহ করবে।<br><br>**দায়িত্ব ঃ বারি ও বিনা** | ১) বিএডিসি ২০১৩-১৪ বর্ষে রবি মৌসুমে ৪০ মে.টন ভিত্তি ও ২৭০ মে.টন মানঘোষিত শ্রেণীর মাসকলাই বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করবে।<br><br>২) বারি কর্তৃক ২০১৩-১৪ বর্ষে রবি মৌসুমের জন্য বারিমাস-৩ জাতের ১৯২০ কেজি মৌল বীজ বিএডিসি'কে সরবরাহ করার জন্য বারিকে অনুরোধ করা হয়েছে।<br><br>১) বিএডিসি ২০১৩-১৪ বর্ষে রবি মৌসুমে ৩০ মে.টন ভিত্তি এবং ১৪০ মে.টন মানঘোষিতসহ মোট ১৭০ মে.টন খেসারী বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করবে।<br><br>২) বিএডিসিকে বারি কর্তৃক বারিখেসারী-১ জাতের ৭২০ কেজি ও বারিখেসারী-২ জাতের ৪৮০ কেজিসহ মোট ১২০০ কেজি এবং বিনা কর্তৃক বিনাখেসারী-১ জাতের ২৪০ কেজি মৌল বীজ মৌসুম শুরুর পূর্বে সরবরাহ করবে মর্মে অবহিত করা হয়েছে। |

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | **৫.১.৬ মটর বীজ ঃ**<br>১) বিএডিসি ২০১৩-১৪ বর্ষে বিএডিসি মটর-১ জাতের ২ মে. টন ভিত্তি ও ৪৫ মে.টন মানঘোষিতসহ মোট ৪৭ মে. টন বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্ব ঃ বিএডিসি**<br>২) ২০১৩-১৪ বর্ষে বিএডিসি মটর-১ জাতের ২ মে. টন ভিত্তি বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য বিএডিসি ২০১২-১৩ বর্ষে উৎপাদিত বীজের মজুদ হতে ১০০ কেজি ভিত্তি বীজ ব্যবহার করবে<br>**দায়িত্ব ঃ বিএডিসি** | ১) বিএডিসি ২০১৩-১৪ বর্ষে বিএডিসি মটর-১ জাতের ২ মে. টন ভিত্তি ও ৪৫ মে.টন মানঘোষিতসহ মোট ৪৭ মে. টন বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করবে।<br>২) ২০১৩-১৪ বর্ষে বিএডিসি মটর-১ জাতের ২ মে. টন ভিত্তি বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য বিএডিসি ২০১২-১৩ বর্ষে উৎপাদিত ভিত্তি শ্রেণীর বীজের মজুদ হতে ১০০ কেজি ভিত্তি বীজ ব্যবহার করবে। |
| | **৫.১.৬ফেলন বীজ ঃ**<br>বিএডিসি ২০১৩-১৪ বর্ষে বারিফেলন-১ জাতের ১০ মে.টন ভিত্তি ও ৮০ মে. টন মানঘোষিতসহ মোট ৯০ মে.টন ফেলন বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্ব ঃ বিএডিসি**<br>২) ২০১৩-১৪ বর্ষে বারিফেলন-১ জাতের ৪০০ কেজি মৌলবীজ বারি বিএডিসিকে সরবরাহ করবে।<br>**দায়িত্ব ঃ বারি** | ১) বিএডিসি ডাল ও তৈল বীজ বিভাগের মাধ্যমে ২০১৩-১৪ বর্ষে রবি মৌসুমে ১০ মে.টন ভিত্তি ও ৮০ মে.টন মানঘোষিত শ্রেণীর ফেলন বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করবে ।<br>২) ২০১৩-১৪ বর্ষে রবি মৌসুমে বারিফেলন-১ জাতের ৪০০ কেজি মৌল বীজ মৌসুম শুরুর পূর্বে সরবরাহের জন্য বারি'কে অনুরোধ করা হয়েছে। |
| | **৫.২ তৈল বীজ:**<br>**৫.২.১. সরিষা বীজ:**<br>১)২০১৩-১৪ বর্ষে বিএডিসি ১২২ মে.টন ভিত্তি ও ৯৯৮ মে.টন মানঘোষিতসহ মোট ১১২০ মে. টন সরিষা বীজ উৎপাদন করবে<br>**দায়িত্ব ঃ বিএডিসি**<br>২) ২০১৩-১৪ বর্ষে ১৫০ কেজি সম্পদ, ১৫০ কেজি বারিসরিষা-৯, ১০০ কেজি বারিসরিষা-১১, ৩০০ কেজি বারিসরিষা-১৪, ৩০০ কেজি বারিসরিষা-১৫, ৫০ কেজি বিনাসরিষা-৪, ৫০ কেজি বিনাসরিষা-৫, ৫০ কেজি বিনাসরিষা-৭ এবং ৫০ কেজি বিনাসরিষা-৮ সহ মোট ১২০০ কেজি মৌল বীজ বারি ও বিনা বিএডিসিকে সরবরাহ করবে। বিএডিসি'র মাধ্যমে ২০১৩-১৪ বর্ষে বিএডিসিসরিষা-১ জাতের ২ মে. টন ভিত্তি বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ২০১২-১৩ বর্ষে উৎপাদিত ভিত্তি শ্রেণীর বীজের মজুদ হতে ২০ কেজি বীজ ব্যবহার করবে।<br>**দায়িত্ব ঃ বারি ও বিনা**<br>**৫.২.২ চীনাবাদাম বীজ ঃ**<br>১) বিএডিসি ২০১৩-১৪ বর্ষে ৩৮ মে.টন ভিত্তি ও ২১২ মে.টন মানঘোষিতসহ মোট ২৫০ মে.টন চীনাবাদাম বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্ব ঃ বিএডিসি**<br>২) ২০১৩-১৪ বর্ষে ১৩০০ কেজি ঝিংগাবাদাম, ৫০০ কেজি বারিবাদাম-৮, ১৫০০ কেজি বিনাবাদাম-৪ এবং ৫০০ কেজি বিনাবাদাম-৬ সহ মোট ৩৮০০ কেজি মৌল বীজ বারি ও বিনা বিএডিসিকে সরবরাহ করবে।<br>**দায়িত্ব ঃ বারি ও বিনা** | ১) বিএডিসি, ডাল ও তৈল বীজ বিভাগের মাধ্যমে ২০১৩-১৪ বর্ষে রবি মৌসুমে ১২২ মে.টন ভিত্তি ও ৯৯৮ মে.টন মানঘোষিতসহ মোট ১১২০ মে. টন সরিষা বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করবে ।<br>২) ২০১৩-১৪ বর্ষে ১৫০ কেজি সম্পদ, ১৫০ কেজি বারিসরিষা-৯, ১০০ কেজি বারিসরিষা-১১, ৩০০ কেজি বারিসরিষা-১৪, ৩০০ কেজি বারিসরিষা-১৫, ৫০ কেজি বিনাসরিষা-৪, ৫০ কেজি বিনাসরিষা-৫, ৫০ কেজি বিনাসরিষা-৭ এবং ৫০ কেজি বিনাসরিষা-৮ সহ মোট ১২০০ কেজি মৌল বীজ মৌসুম শুরুর পূর্বে বিএডিসিকে সরবরাহ করার জন্য বারি ও বিনা'কে অনুরোধ করা হয়েছে। বিএডিসি'র মাধ্যমে ২০১৩-১৪ বর্ষে বিএডিসিসরিষা-১ জাতের ২ মে. টন ভিত্তি বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য ২০১২-১৩ বর্ষে উৎপাদিত ভিত্তি শ্রেণীর বীজের মজুদ হতে ২০ কেজি বীজ ব্যবহার করবে।<br>১) ২০১৩-১৪ বর্ষে রবি মৌসুমে ৩৮ মে.টন ভিত্তি ও ২১২ মে.টন মানঘোষিতসহ মোট ২৫০ মে.টন চীনাবাদাম বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করবে ।<br>২২০১৩-১৪ বর্ষে রবি মৌসুমে ১৩০০ কেজি ঝিংগাবাদাম, ৫০০ কেজি বারিবাদাম-৮, ১৫০০ কেজি বিনাবাদাম-৪ এবং ৫০০ কেজি বিনাবাদাম-৬ সহ মোট ৩৮০০ কেজি মৌল বীজ মৌসুম শুরুর পূর্বে বিএডিসিকে সরবরাহ করার জন্য বারি ও বিনা কে অনুরেধ জানানো হয়েছে। |

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | **৫.২.৩ সয়াবীন বীজ ঃ**<br>১) বিএডিসি ২০১৪-১৫ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১৩-১৪ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ১২০ মে.টন ভিত্তি ও ২৫০ মে.টন মানঘোষিতসহ মোট ৩৭০ মে.টন সয়াবীন বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্ব ঃ বিএডিসি**<br>২) ২০১৩-১৪ বর্ষে খরিপ-২ মৌসুমে ৯৩৮ কেজি সোহাগ, ৯৩৮ কেজি বারিসয়াবীন-৫ এবং রবি মৌসুমে ২৮১৩ কেজি সোহাগ, ২১৮৮ কেজি বারিসয়াবীন-৫ ও ৩১৩ কেজি বারিসয়াবীন-৬, ১৮৮ কেজি বিনাসয়াবিন-১ এবং ১২৫ কেজি বিনাসয়াবিন-২ সহ মোট ৭৫০৩ কেজি মৌলবীজ বারি ও বিনা বিএডিসিকে সরবরাহ করবে।<br>**দায়িত্ব ঃ বারি ও বিনা** | ১) বিএডিসি ২০১৪-১৫ বর্ষে বিতরণের নিমিত্তে ২০১৩-১৪ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ১২০ মে.টন ভিত্তি ও ২৫০ মে.টন মানঘোষিতসহ মোট ৩৭০ মে.টন সয়াবীন বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করবে ।<br>২) ২০১৩-১৪ বর্ষে খরিপ-২ মৌসুমে ৯৩৮ কেজি সোহাগ, ৯৩৮ কেজি বারিসয়াবীন-৫ এবং রবি মৌসুমে ২৮১৩ কেজি সোহাগ, ২১৮৮ কেজি বারিসয়াবীন-৫ ও ৩১৩ কেজি বারিসয়াবীন-৬, ১৮৮ কেজি বিনাসয়াবিন-১ এবং ১২৫ কেজি বিনাসয়াবিন-২ সহ মোট ৭৫০৩ কেজি মৌলবীজ মৌসুম শুরুর পূর্বে বিএডিসি'কে সরবরাহ করার জন্য বারি ও বিনা কে অনুরেধ জানানো হয়েছে। |
| | **৫.২.৪ সূর্যমুখী বীজ ঃ**<br>১) বিএডিসি ২০১৩-১৪ বর্ষে ৭ মে.টন ভিত্তি ও ৫ মে.টন মানঘোষিতসহ মোট ১২ মে.টন সূর্যমুখী বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্ব ঃ বিএডিসি**<br>২) ২০১৩-১৪বর্ষে কিরনী জাতের ৪০ কেজি ও বারি সূর্যমুখী-২ জাতের ১০০ কেজি সহ মোট ১৪০ কেজি মৌল বীজ বারি বিএডিসিকে সরবরাহ করবে।<br>**দায়িত্ব ঃ বারি** | ১) বিএডিসি ২০১৩-১৪ বর্ষে ৭ মে.টন ভিত্তি ও ৫ মে.টন মানঘোষিতসহ মোট ১২ মে.টন সূর্যমুখী বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করবে ।<br>২) বারি কর্তৃক ২০১৩-১৪ বর্ষে কিরনী জাতের ৪০ কেজি ও বারি সূর্যমুখী-২ জাতের ১০০ কেজি মৌল বীজ মৌসুম শুরুর পূর্বে বিএডিসি'কে সরবরাহ করার জন্য বারি'কে অনুরেধ জানানো হয়েছে। |
| | **৫.২.৫ তিল বীজ ঃ**<br>১) বিএডিসি ২০১৩-১৪ বর্ষে ৩৮ মে.টন ভিত্তি ও ১৬২ মে.টন মানঘোষিত শ্রেণীর বিভিন্ন জাতের মোট ২০০ মে.টন তিল বীজ উৎপাদন করবে।<br>**দায়িত্ব ঃ বিএডিসি**<br>২) ২০১৩-১৪ বর্ষে ৫০ কেজি বারিতিল-২, ১০০ কেজি বারিতিল-৩, ১০০ কেজি বারিতিল-৪, ৫০ কেজি বিনাতিল-১ এবং ৮০ কেজি বিনাতিল-২ বারি ও বিনা বিএডিসি'কে সরবরাহ করবে।<br>**দায়িত্ব ঃ বারি ও বিনা** | ১) ২০১৩-১৪ বর্ষে ৩৮ মে.টন ভিত্তি ও ১৬২ মে.টন মানঘোষিত শ্রেণীর বিভিন্ন জাতের মোট ২০০ মে.টন তিল বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়ন করবে।<br>২) ২০১৩-১৪ বর্ষে ৫০ কেজি বারিতিল-২, ১০০ কেজি বারিতিল-৩, ১০০ কেজি বারিতিল-৪, ৫০ কেজি বিনাতিল-১ এবং ৮০ কেজি বিনাতিল-২ মৌল বীজ বারি ও বিনা বিএডিসি'কে সরবরাহ করার জন্য বারি ও বিনা কে অনুরেধ জানানো হয়েছে। |
| | **বিষয়ঃ বিবিধ-১ঃ মৌল বীজ সরবরাহের ক্ষেত্রে বিএডিসি'কে অগ্রাধিকার।**<br>**সিদ্ধান্ত ঃ**<br>১) গবেষণা প্রতিষ্ঠান সমূহ মৌল বীজের ক্ষেত্রে বিএডিসি'র চাহিদা অনুযায়ী মৌল বীজ সরবরাহের পর উদ্বৃত্ত মৌল বীজ অন্যান্য বীজ কোম্পানীকে সরবরাহ করবে।<br>**দায়িত্ব ঃ ব্রি, বিনা, বিএডিসি ও অন্যান্য বেসরকারী বীজ কোম্পানী**<br>**বিষয়ঃ বিবিধ-২ঃ বিএডিসি'র খামারে মৌল বীজ উৎপাদন**<br>**সিদ্ধান্তঃ**<br>ব্রি ও বিনা তাদের নিজস্ব খামারে মৌল বীজ উৎপাদন করার পাশাপাশি চাহিদা অনুযায়ী মৌল বীজ সরবরাহের পরিমাণ ঠিক রাখার লক্ষ্যে ব্রি ও বিনা কর্তৃপক্ষ বিএডিসি'র খামারে মৌল বীজ উৎপাদন করবে। ব্রি ও বিনা'র বিজ্ঞানীগণ বিএডিসি'র খামারে মৌল বীজ উৎপাদন কার্য্যক্রম তদারকি করবে।<br>**দায়িত্বঃ ব্রি , বিনা, বিএডিসি ও এসসিএ** | গবেষণা প্রতিষ্ঠান সমূহ মৌল বীজের ক্ষেত্রে বিএডিসি'র চাহিদা অনুযায়ী মৌল বীজ সরবরাহের পর উদ্বৃত্ত মৌল বীজ অন্যান্য বীজ কোম্পানীকে সরবরাহ করার ব্যপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে।<br><br>ব্রি ও বিনা হতে বিএডিসি'র খামারে মৌল বীজ উৎপাদনের প্রস্তাব পাওয়া গেলে ব্রি ও বিনা'র বিজ্ঞানীগণের প্রত্যক্ষ তত্ত্বাবধানে এসসিএর সহায়তা নিয়ে বিএডিসি তা বাস্তবায়ন করবে। |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | ২০১৩-১৪ বর্ষে বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব ও মহা ব্যবস্থাপক (বীজ), বিএডিসি সভায় জানান যে, বিএডিসি ২০১০-১১ বর্ষে ১৮১৪৮ মে.টন, ২০১১-১২ বর্ষে ২০৩৪১ মে.টন এবং ২০১২-১৩ বর্ষে ২০০২৭.০৮৭ মে.টন বীজ আলু বিতরণ করেছে। বিএডিসি'র নিকট ২০১২-১৩ বর্ষে উৎপাদিত ৩৯৮.৬০৩ মে. টন ব্রিডার, ৩৭৯৭.৭৩৫ মে.টন ভিত্তি, ৩০৯৭.২৮০ মে. টন প্রত্যায়িত এবং ১৪৬৬৮.৪১৫ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ২১৯৬২.০৩৩ মে.টন বীজআলু ২০১৩-১৪ মৌসুমে বিতরণের জন্য সংরক্ষিত রয়েছে। তাছাড়া কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক ২০১৩-১৪ বর্ষে বিভিন্ন জাতের মোট ১৩৪০০ মে.টন বীজ আলুর চাহিদা বিএডিসি'কে জানানো হয়েছে।<br>সদস্য সচিব সভায় আরও জানান যে, বিএডিসি'র কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের প্রস্তাবিত ডিপিপি'র সংস্থান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা, আধুনিক ও নতুন উদ্ভাবিত সম্ভাবনাময় জাতসমূহের প্রসার, বিগত বছরের বীজ আলু বিক্রয়ের ধারা ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে ২০১৪-১৫ বর্ষে বীজ আলু সরবরাহের লক্ষ্যে ২০১৩-১৪ বর্ষে বিএডিসি'র মাধ্যমে মোট ২৩০৪৫.০২৫ মে.টন বীজআলু উৎপাদন পরিকল্পনা নেয়া হয়েছে।<br>এ বাস্তবতায় সদস্য সচিব সভায় প্রস্তাব করেন যে, বিএডিসি'র নিজস্ব খামারে ৪০ মে.টন মিনি টিউবার, ৩৩২ মে. টন ব্রিডার ও ৩৯৫৬ মে.টন ভিত্তি এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ৭০০০ মে. টন প্রত্যায়িত ও ১১৭১৭.০২৫ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ২৩০৪৫.০২৫ (৪০+৩৩২+৩৯৫৬+ ৭০০০+১১৭১৭.০২৫) মে.টন বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। | ২০১৩-১৪ বর্ষে বিএডিসি'র নিজস্ব খামারের মাধ্যমে ৪০ মে.টন মিনি টিউবার, ৩৩২ মে. টন ব্রিডার, ৩৯৫৬ মে.টন ভিত্তি এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ৭০০০ মে. টন প্রত্যায়িত এবং ১১৭১৭.০২৫ মে.টন মানঘোষিত শ্রেণীসহ মোট ২৩০৪৫.০২৫ (৪০+৩৩২+৩৯৫৬+৭০০০+১১৭১৭ .০২৫) মে.টন বীজ আলু উৎপাদন করবে (পরিশিষ্ট-ক)। | বিএডিসি ও এসসিএ |
| ০৪ | ২০১৩-১৪ বর্ষে প্লান্টলেট দ্বারা মিনি টিউবার এবং মিনি টিউবার দ্বারা ব্রিডার বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব সভায় জানান যে, ২০১৩-১৪ বর্ষে বিএডিসি'র কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের আওতায় আমলা খামারে ৪০,০০০ টি এবং ডোমার খামারে ৩,৬০,০০০ টি সহ মোট ৪,০০,০০০ সংখ্যক প্লান্টলেট ব্যবহার করে ১০ একর জমিতে মোট ৪০ মে.টন মিনি টিউবার উৎপাদনের পরিকল্পনা করা হয়েছে।<br>তিনি সভায় আরও বলেন যে, ২০১২-১৩ বর্ষে বিএডিসি'র উৎপাদিত ও সংগৃহীত ১০.৭৭৭ মে.টন ডায়মন্ট, ৪.২৬৩ মে.টন কার্ডিনাল, ২.০২৬ মে.টন গ্রেনোলা, ৩.৫১৩ মে.টন এস্টারিক্স, ৩.৪৪ মে.টন কারেজ ও ১.৯৫৭ মে.টন লেডিরোসেটা জাতসহ মোট ২৬.২৭০ মে.টন মিনি টিউবার সংরক্ষিত আছে। তন্মধ্যে ২০১৩-১৪ বর্ষে ৪৪.২৭ একর জমিতে ১৭.৭০ মে.টন মিনি টিউবার ব্যবহার করে ৩৩২.০০ মে.টন বিভিন্ন জাতের ব্রিডার বীজআলু উৎপাদনের পরিকল্পনা নেয়া হয়েছে। অবশিষ্ট ৮.৫৭ (২৬.২৭-১৭.৭০) মে.টন মিনি টিউবার সরাসরি ভিত্তি বীজ উৎপাদন কাজে ব্যবহার করা হবে।<br>এ পর্যায়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বিএডিসি'র কৃষি বীজ উন্নয়ন ও বর্ধিতকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক ডঃ মোঃ রেজাউল করিম আলোচনায় অংশগ্রহণপূর্বক বলেন যে, জাতীয় পর্যায়ে সীড প্রমোশন কমিটির সভার সিদ্ধান্তের আলোকে বিএডিসি বিগত বছরে টিস্যু কালচারের মাধ্যমে উৎপাদিত প্লান্টলেট ব্যবহার করে মিনি | ২০১৩-১৪ বর্ষে বিএডিসি'র মাধ্যমে ৪,০০,০০০ সংখ্যক প্লান্টলেট দ্বারা ৪০ মে.টন মিনি টিউবার এবং ১৭.৭০ মে.টন মিনি টিউবার দ্বারা ৩৩২ মে.টন ব্রিডার বীজআলু উৎপাদন করবে। | বিএডিসি ও এসসিএ |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | টিউবার এবং মিনি টিউবার দ্বারা বিভিন্ন জাতের ব্রিডার বীজ আলু উৎপাদন করছে -যার গুণগত মান ব্রিডার শ্রেণীর বীজের মানদন্ড(standard) অনুযায়ী করা হচ্ছে। এ প্রক্রিয়ায় বিএডিসি'র উৎপাদিত ব্রিডার বীজ ফসল বীজ প্রত্যয়ন এজেন্সী এর মাঠ পর্যায়ের কর্মকর্তাদের রুটিন পরিদর্শন ও মূল্যায়নের পর প্রত্যয়ন প্রদান করা হয়। | | |
| ০৫ | ২০১৩-১৪ বর্ষে ব্রিডার বীজআলু এবং আমদানীতব্য বেসিক বীজ আলু দ্বারা ভিত্তি শ্রেণীর বীজআলু উৎপাদন। | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব সভায় জানান যে, ২০১২-১৩ বর্ষে টিসিআরসি'র উৎপাদিত ১০০ মে.টন ও বিএডিসি'র উৎপাদিত ২৭২.৩৩৩ মে.টনসহ মোট ৩৭২.৩৩৩ মে.টন ব্রিডার বীজআলু বিএডিসি'র নিকট সংরক্ষিত রয়েছে যা ১৩-১৪ বর্ষে ৪৪৬.৮০ একর জমিতে ব্যবহার করে ৩১২৬ মে.টন ভিত্তি শ্রেণীর বীজআলু উৎপাদন করার পরিকল্পনা নেয়া হয়েছে।<br>সদস্য সচিব আরো জানান যে, ২০১৩-১৪ বর্ষে আমদানীতব্য ৮০ মে.টন এস্টারিক্স বেসিক বীজআলু দ্বারা ১০০ একর জমিতে ৭০০ মে.টন ভিত্তি শ্রেণীর বীজআলু উৎপাদনের পরিকল্পনা করা হয়েছে। এছাড়াও ৮.৫৭ মে. টন মিনি টিউবার দ্বারা ২১.৪২ একর জমিতে ১৩০ মে.টন ভিত্তি বীজ উৎপাদনের পরিকল্পনা করা হয়েছে।<br>এ বাস্তবতায় সদস্য সচিব সভায় প্রস্তাব করেন যে, ২০১৩-১৪ বর্ষে ৩৭২.৩৩৩ মে.টন ব্রিডার বীজ ব্যবহার করে ৩১২৬ মে.টন, ৮০ মে.টন বেসিক বীজআলু ব্যবহার করে ৭০০ মে. টন এবং ৮.৫৭ মে. টন মিনিটিউবার দ্বারা ১৩০ মে. টন ভিত্তি বীজ সহ মোট ৩৯৫৬ (৩১২৬+৭০০+১৩০) মে.টন ভিত্তি শ্রেণীর বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। | ২০১৩-১৪ বর্ষে বিএডিসি'র মাধ্যমে উৎপাদিত ব্রিডার বীজআলু, আমদানীতব্য বেসিক বীজ আলু এবং মিনিটিউবার দ্বারা ৩৯৫৬ মে.টন ভিত্তি শ্রেণীর বীজআলু উৎপাদন করবে (পরিশিষ্ট-ক)। | বিএডিসি ও এসসিএ |
| ০৬ | ২০১৩-১৪ বর্ষে চুক্তিবদ্ধ চাষী জোনের মাধ্যমে প্রত্যায়িত শ্রেণীর বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সদস্যসচিব সভায় জানান যে, বিএডিসি'র মাধ্যমে ২০১২-১৩ বর্ষে উৎপাদিত ও মজুদকৃত ভিত্তি শ্রেণীর ৯৮০ মে.টন বীজআলু ব্যবহার করে ২০১৩-১৪ বর্ষে চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ১৪০০ একর জমিতে ৭০০০ মে.টন বিভিন্ন জাতের প্রত্যায়িত শ্রেণীর বীজআলু উৎপাদনের পরিকল্পনা করা হয়েছে।<br>কাজেই সদস্য সচিব সভায় প্রস্তাব করেন যে, ২০১৩-১৪ বর্ষে বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষী জোনের মাধ্যমে মোট ৭০০০ মে.টন প্রত্যায়িত শ্রেণীর বিভিন্ন জাতের বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। | ২০১৩-১৪ বর্ষে চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ৭০০০ মে.টন প্রত্যায়িত শ্রেণীর বীজআলু উৎপাদন করবে (পরিশিষ্ট-ক)। | বিএডিসি ও এসসিএ |
| ০৭ | ২০১৩-১৪ বর্ষে চুক্তিবদ্ধ চাষী জোন এবং সংস্থার খামারে সিডলিং টিউবার ও পর্যবেক্ষণ প্লটের মাধ্যমে মানঘোষিত শ্রেণীর বীজআলু উৎপাদন। | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব সভায় উপস্থাপন করেন যে, ২০১২-১৩ বর্ষে বিএডিসি'র উৎপাদিত ও সংরক্ষিত বিভিন্ন জাতের ভিত্তি শ্রেণীর ১৬৪০ মে.টন বীজআলু ব্যবহার করে ২০১৩-১৪ বর্ষে চুক্তিবদ্ধ চাষী জোনের মাধ্যমে ২৩৪৪ একর জমিতে ১১৭১৭ মে.টন বিভিন্ন জাতের মানঘোষিত শ্রেণীর বীজআলু উৎপাদনের পরিকল্পনা নেয়া হয়েছে।<br>এছাড়া তিনি আরও বলেন যে, সংস্থার খামারে বিএডিসি'র উৎপাদিত ও সংরক্ষিত টিপিএস ব্যবহার করে ৩৫ মে.টন সিডলিং টিউবার (মানঘোষিত) এবং পর্যবেক্ষণ প্লটের মাধ্যমে ১০ মে.টন মানঘোষিত শ্রেণীর বীজআলু উৎপাদনের পরিকল্পনা করা হয়েছে।<br>এ বাস্তবতায় সদস্য সচিব সভায় প্রস্তাব করেন যে, ২০১৩-১৪ বর্ষে বিএডিসি'র মাধ্যমে মোট ১১৭৬২ (১১৭১৭+৩৫+১০)মে.টন মানঘোষিত শ্রেণীর বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। | ২০১৩-১৪ বর্ষে বিএডিসি চুক্তিবদ্ধ চাষী জোনের মাধ্যমে ১১৭১৭ মে.টন, সংস্থার খামারে ৩৫ মে.টন সিডলিং টিউবার এবং পর্যবেক্ষণ প্লটের মাধ্যমে ১০ মে.টনসহ মোট ১১৭৬২ (১১৭১৭+৩৫+১০) মে.টন মানঘোষিত শ্রেণীর বীজআলু উৎপাদন করবে (পরিশিষ্ট-ক)। | বিএডিসি |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৮ | ২০১৩-১৪ বর্ষে কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের (বিএডিসি অংগ) ডিপিপি অনুযায়ী বিদেশ থেকে ৮০ মে.টন বেসিক বীজআলু (ক্লাস-ই) আমদানী। | সদস্য সচিব সভায় বলেন যে, কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের (বিএডিসি অংগ) ডিপিপিতে ২০১৩-১৪ বর্ষে ১০০ মে.টন 'বেসিক বীজআলু' আমদানীর সংস্থান রয়েছে। সদস্য সচিব সভায় আরও বলেন যে, বিএডিসি'র কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের ডিপিপি'র সংস্থান এবং উৎপাদন পরিকল্পনা অনুযায়ী ২০১৩-১৪ বর্ষে ২৩০৪৫.০২৫ মে.টন বিভিন্ন শ্রেণী ও জাতের বীজআলু উৎপাদনের জন্য ২৬.২৭ মে.টন মিনি টিউবার, ৩৭২ মে.টন ব্রিডার, ৮০ মে.টন বেসিক বীজ আলু ও ২৬২০ মে.টন ভিত্তি শ্রেণীর বীজের প্রয়োজন হবে। এছাড়া টিসিআরসি থেকে প্রতি বছরের ন্যায় ২০১৩-১৪ বর্ষে ১০০ মে.টন ব্রিডার শ্রেণীর বীজআলু পাওয়া যাবে।<br>এ বাস্তবতায় সদস্য সচিব সভায় প্রস্তাব করেন যে, ৩৯৫৬ মে.টন ভিত্তি শ্রেণীর বীজআলু উৎপাদনের জন্য বিএডিসি'র মাধ্যমে ২০১৩-১৪ বর্ষে ৮০ মে.টন বেসিক বীজআলু (ক্লাস-ই) বিদেশ থেকে আমদানী করা প্রয়োজন। এ লক্ষ্যে তিনি জানান যে, দেশের চাহিদা অনুযায়ী উচ্চ ফলনশীল, শিল্পে ব্যবহার ও রপ্তানী উপযোগী ৮০ মে.টন এস্টারিক্স জাতের বেসিক বীজআলু (ক্লাস-ই) আমদানীর পরিকল্পনা নেয়া হয়েছে। | ২০১২-১৩ বর্ষে বিএডিসি এস্টারিক্স জাতের ৮০ মে.টন বেসিক বীজ আলু (ক্লাস-ই) আমদানী করবে (পরিশিষ্ট-খ)। | বিএডিসি ও কৃষি মন্ত্রণালয় |
| ০৯ | ২০১৩-১৪ বর্ষে টিপিএস উৎপাদন। | সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি নিজস্ব ডোমার খামারে প্রতি বছর টিপিএস (প্রকৃত আলু বীজ) উৎপাদন ও চাষী পর্যায়ে বিতরণ করে থাকে। সদস্য সচিব আরও জানান যে, বিএডিসি'র কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী ২০১৩-১৪ বর্ষে ২৫ কেজি টিপিএস উৎপাদনের পরিকল্পনা নেয়া হয়েছে। ড. মোঃ রেজাউল করিম আলোচনায় অংশ নিয়ে বলেন যে, টিসিআরসি'র বর্তমান জাতটি জনপ্রিয় করা যাচ্ছেনা। আরো উচ্চ ফলনশীল ও খেতে সুস্বাদু টিপিএস এর জাত উদ্ভাবন করা প্রয়োজন।<br>এ পর্যায়ে সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট-এর কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের পরিচালক সভায় জানান যে, তাদের আরও নতুন ভাল টিপিএস জাত পাইপলাইনে আছে যা অচিরেই ছাড়করণের ব্যবস্থা নেয়া হবে।<br>সদস্য সচিব সভায় প্রস্তাব করেন যে, বিএডিসি'র মাধ্যমে ২০১৩-১৪ বর্ষে ২৫ কেজি টিপিএস উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে । | ২০১৩-১৪ বর্ষে বিএডিসি ২৫ কেজি টিপিএস উৎপাদন করবে (পরিশিষ্ট-ক) | বিএডিসি |
| ১০ | ২০১৩-১৪ বর্ষে টিসিআরসি হতে ১০০ মে.টন ব্রিডার শ্রেণী বীজআলু সংগ্রহ। | সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি'র নিজস্ব খামারে আগামী ২০১৪-১৫ বর্ষে ভিত্তি বীজআলু উৎপাদনের লক্ষ্যে ২০১৩-১৪ বর্ষে টিসিআরসি হতে কার্ডিনাল জাতের ৪০ মে.টন ও এস্টারিক্স জাতের ৬০ মে.টনসহ মোট ১০০ মে.টন ব্রিডার শ্রেণীর বীজআলু সংগ্রহ করা প্রয়োজন।<br>এ প্রেক্ষিতে সদস্য সচিব সভায় প্রস্তাব করেন যে, টিসিআরসি হতে ২০১৩-১৪ বর্ষে কার্ডিনাল জাতের ৪০ মে.টন ও এস্টারিক্স জাতের ৬০ মে.টনসহ মোট ১০০ মে.টন ব্রিডার বীজআলু সংগ্রহের প্রস্তাব অনুমোদন করা যেতে পারে। | বিএডিসি ২০১৩-১৪ বর্ষে টিসিআরসি হতে কার্ডিনাল জাতের ৪০ মে.টন ও এস্টারিক্স জাতের ৬০ মে.টনসহ মোট ১০০ মে.টন ব্রিডার শ্রেণীর বীজআলু সংগ্রহ করবে (পরিশিষ্ট-খ। | টিসিআরসি ও বিএডিসি |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১১ | ২০১৩-১৪ বর্ষে টিসিআরসি কর্তৃক ব্রিডার ও ভিত্তি শ্রেণীর বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সদস্য সচিব সভায় জানান যে, টিসিআরসি, বিএআরআই কর্তৃক বিএডিসি'কে আগামী ২০১৪-১৫ বর্ষে ভিত্তি বীজআলু সরবরাহের লক্ষ্যে ২০১৩-১৪ বর্ষে ডায়মন্ট, কার্ডিনাল, এস্টারিক্স, গ্রেনোলা ও অন্যান্য জাতের ৩৬০ মে.টন ব্রিডার শ্রেণীর এবং ডায়মন্ট, কার্ডিনাল, এস্টারিক্স, কারেজ, গ্রেনোলা ও অন্যান্য জাতের ৫৫০ মে.টন ভিত্তি শ্রেণীসহ মোট ৯১০ মে.টন বীজআলু উৎপাদন পরিকল্পনা রয়েছে মর্মে টেলিফোনে জানানো হয়েছে।<br>এ প্রেক্ষাপটে সদস্য সচিব সভাকে জানান যে ২০১৩-১৪ বর্ষে টিসিআরসি, বিএআরআই-এর মাধ্যমে বিভিন্ন জাতের ৩৬০ মে.টন ব্রিডার শ্রেণী এবং ৫৫০ মে.টন ভিত্তি শ্রেণীসহ মোট ৯১০ মে.টন বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। | ২০১৩-১৪ বর্ষে টিসিআরসি, বিএআরআই ডায়মন্ট, কার্ডিনাল, এস্টারিক্স, গ্রেনোলা ও অন্যান্য জাতের ৩৬০ মে.টন ব্রিডার শ্রেণী এবং ডায়মন্ট, কার্ডিনাল, এস্টারিক্স, গ্রেনোলা ও অন্যান্য জাতের ৫৫০ মে.টন ভিত্তি শ্রেণীসহ মোট ৯১০ মে.টন বীজআলু উৎপাদন করবে। | টিসিআরসি, বারি ও এসসিএ |
| ১২ | বিবিধ-১ঃ ২০১৩-১৪ বর্ষে পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব সভায় বলেন যে, ২০১৩-১৪ বর্ষে বিএডিসি'র ৪২৪.৫৭৯ মে.টন তোষা পাট বীজ অবিক্রিত থাকে-যা সংস্থার ডিহিউমিডিফাইড বীজ গুদামে সংরক্ষণ করা হয়েছে। তাছাড়া পাট বীজ বিভাগের তথ্য মতে মানসম্পন্ন কেনাফ জাতের বীজ পাওয়া না যাওয়ায় কেনাফ জাতের পাট বীজ উৎপাদন কার্য্যক্রম বাস্তবায়ন করা সম্ভব হয়নি। ফলে সীড প্রমোশন কমিটির ৬৩ তম সভায় ২০১৩-১৪ বর্ষে নির্ধারিত উৎপাদন লক্ষ্যমাত্রা দেশী ৭৪৯ মে.টনের বিপরীতে ৬৫৫.০০ মে.টন ও তোষা ১২০১ মে.টনের বিপরীতে ৬৭৬.৪২১ মে.টন মোট ১৩৩১.৪২১ মে.টন বিভিন্ন শ্রেণী ও জাতের পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা পুনঃ নির্ধারণের জন্য প্রস্তাব করা হলো। এক্ষেত্রে ক্যারিওভার হিসাবে মজুদকৃত ৪২৪.৫৭৯ মে.টন তোষাবীজ সংরক্ষণের পাশাপাশি ১৩৩১.৪২১ মে.টন পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা পূনঃ নির্ধারণ করা হলে আগামী ২০১৩-১৪ বিতরণ মৌসুমে মোট ১৭৫৬ (৪২৪.৫৭৯+১৩৩১.৪২১) মে.টন পাট বীজ সরবরাহ করা সম্ভব হবে।<br>এ অবস্থায়, সদস্য সচিব সীড প্রমোশন কমিটির সভায় বিএডিসি'র মাধ্যমে ২০১৩-১৪ বর্ষে দেশী ৬৫৫ মে.টন ও তোষা ৬৭৬.৪২১ মে.টনসহ মোট ১৩৩১.৪২১ মে.টন বিভিন্ন শ্রেণী ও জাতের পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা পূনঃনির্ধারণের প্রস্তাব করেন। | বিএডিসি ২০১৩-১৪ বর্ষে দেশী ৬৫৫ মে.টন ও তোষা ৬৭৬.৪২১ মে.টনসহ মোট ১৩৩১.৪২১ মে.টন বিভিন্ন শ্রেণী ও জাতের পাট বীজ উৎপাদন করবে(পরিশিষ্ট-গ)। | বিএডিসি ও এসসিএ |
| | বিবিধ-২ঃ ২০১৩-১৪ বর্ষে পেট্রোকেম (বাংলাদেশ) লিমিটেড কোম্পানী বিআর-২৩ ও ব্রিধান-৩৩ জাতের ভিত্তি ষ্টেজ-১ শ্রেণীর যথাক্রমে ৬০ কেজি ও ৭০ কেজি বীজ ব্যবহার করে ভিত্তি ষ্টেজ-২ শ্রেণীর বীজ উৎপাদন প্রসঙ্গে | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব সভায় জানান যে, চলতি আমন মৌসুমে পেট্রোকেম (বাংলাদেশ) লিমিটেড, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট থেকে বিআর ২৩ ও ব্রিধান ৩৩ জাতের পরিমাণমত মৌল বীজ না পাওয়ায় বিআর ২৩ ও ব্রিধান ৩৩ জাতের যথাক্রমে ৬০ ও ৭০ কেজি ভিত্তি শ্রেণীর বীজ ব্যবহার করে ভিত্তি-২ শ্রেণীর বীজ উৎপাদন করার জন্য সীড প্রমোশন কমিটির অনুমোদন চেয়েছে। তাছাড়া পরবর্তীতে এসিআই লিমিটেডও বিআর১১, ব্রিধান ২৮, ব্রিধান ২৯, ব্রিধান ৩৩, ব্রিধান ৩৪,ও ব্রিধান৪১ জাতের ভিত্তি ষ্টেজ-১ শ্রেণীর বীজ ব্যবহার করে ভিত্তি ষ্টেজ-২ শ্রেণীর বীজ উৎপাদন করার অনুমতি চেয়েছেন।<br>এ পর্যায়ে পেট্রোকেম (বাংলাদেশ) লিঃ এর উপদেষ্টা জনাব মোঃ শাহজাহান আলী সভাপতির দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট থেকে পরিমাণমত মৌল বীজ না পেয়ে বিএডিসি যেভাবে প্রতিবছর ভিত্তি ষ্টেজ-১ শ্রেণীর বীজ ব্যবহার করে ভিত্তি ষ্টেজ-২ শ্রেণীর বীজ উৎপাদন করে কোম্পানীর দক্ষ জনবল দিয়ে সেভাবেই ভিত্তি -২ শ্রেণীর বীজ উৎপাদন করা হবে। | বেসরকারী বীজ কোম্পানীগুলো ভিত্তি ষ্টেজ-১ শ্রেণীর বীজ ব্যবহার করে ভিত্তি ষ্টেজ-২ শ্রেণীর বীজ উৎপাদন করার আবেদন আগামী সীড প্রমোশন কমিটির সভায় বিবেচনার জন্য পেশ করতে হবে। | |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা/প্রস্তাবনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | বিবিধ-৩ঃ ২০১৩-১৪ বর্ষে অতিরিক্ত ভিত্তি আমন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ | সীড প্রমোশন কমিটির সদস্য সচিব সভায় জানান যে, বিএডিসি ২০১৩-১৪ বর্ষে ইরি কর্তৃক প্রতিকূলতাসহনশীল ৫ মে.টন ব্রিধান৫২ ও ৩ মে.টন ব্রিধান৫৬ জাতের ব্রিডার বীজ বিএডিসিকে সরবরাহ করা হয়েছে। উক্ত ব্রিডার বীজ বিএডিসি'র খামার ও চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ৮০০ মে.টন অতিরিক্ত ভিত্তি আমন বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে যা কমিটির অনুমোদন প্রয়োজন। | বিএডিসি ২০১৩-১৪ বর্ষে ইরি হতে প্রাপ্ত প্রতিকূলতাসহনশীল ৫ মে.টন ব্রিধান৫২ ও ৩ মে.টন ব্রিধান৫৬ জাতের মোট ৮০০০ কেজি ব্রিডার বীজ ব্যবহার করে ৮০০ মে.টন অতিরিক্ত ভিত্তি আমন বীজ উৎপাদন করবে। | বিএডিসি ও এসসিএ |
| | বিবিধ-৪ঃ ব্রি, গাজীপুর কর্তৃক আউশের জাতের ব্রিডার বীজ আমন মৌসুমে উৎপাদন | ব্রি'র জিআরএস বিভাগের সিএসও ড. মোঃ খালেকুজ্জামান সভাকে জানান যে, আউশের ব্রিডার বীজ আমন মৌসুমে উৎপাদন করলে বীজমান ঠিক থাকে বলে তারা দীর্ঘদিন ধরে তা করে আসছেন। তাছাড়া আউশের ব্রিডার বীজ বোরো মৌসুমে উৎপাদন করলেও বীজমান ঠিক থাকে এবং সংরক্ষণ না করে আউশ মৌসুমে বিতরন করা যায়। তিনি চলতি আমন মৌসুমে আউশ মৌসুমের জন্য বীজ উৎপাদনের প্রস্তাব অনুমোদনের অনুরোধ জানান। | গুনগত মানসম্পন্ন বীজের সরবরাহ বজায় রাখার লক্ষ্যে আউশের ব্রিডার বীজ আমন ও বোরো উভয় মৌসুমেই উৎপাদন করা যাবে। | ব্রি ও এসসিএ |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৭/১৩

(স্বপন কুমার সাহা)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)
কৃষি মন্ত্রণালয়
এবং
সভাপতি, সীড প্রমোশন কমিটি।

স্বপন কুমার সাহা
অতিরিক্ত সচিব
কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিশিষ্ট-ক

# সীড প্রমোশন কমিটির ৬৫তম সভায় বিএডিসি'র মাধ্যমে ২০১৩-১৪ বর্ষে বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের তথ্য

পরিমাণ ঃ মে. টন

| জাত | বীজ আলুর বিতরণ (২০১২-১৩) | | | | বীজআলুর প্রাপ্যতা/মজুদ (২০১৩-১৪) | | | | | ডিএই'র চাহিদা | বীজআলুর উৎপাদন লক্ষ্যমাত্রা (২০১৩-১৪) | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ব্রিডার | ভিত্তি | মানঘোষিত | মোট | ব্রিডার | ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | মোট | | মিনি টিউবার | ব্রিডার | ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ডায়মন্ট | ১৯৪.৯১১ | ১৩৪৪.৮৪ | ৮১৪০.০৬ | ৯৬৭৯.৮১১ | ১০১.৩২৬ | ২১১৮.৫৩৫ | ১০৩২.৫৬ | ৬৩১৬.৮০৬ | ৯৫৬৯.২২৭ | ৬০০০.০০ | ১০.০০ | ১০০.০০ | ৮৪৮.০০ | ২০০০.০০ | ৫৪৯১.০০ | ৮৪৪৯.০০ |
| কার্ডিনাল | ৩৮.৫৬ | ৫৬০.৫৬ | ৩৫২১.৬০ | ৪১২০.৭২ | ১১৬.৪০৫ | ৬৮৮.৪০ | ১০৬১.০৪ | ২৮৭৬.৪০ | ৪৭৪২.২৪৫ | ২৫০০.০০ | ১০.০০ | ৭৬.০০ | ৯৪২.০০ | ৩০০০.০০ | ১৮৫৫.০০ | ৫৮৮৩.০০ |
| গ্রেনোলা | ২৬.৪৭৪ | ১২৯৯.৫৫ | ৬৮১.৪৪ | ২০০৭.৪৬৪ | ৪২.০৮ | ২৩৭.৭৬ | ০ | ৪৮৫.৫২ | ৭৬৫.৩৬ | ১৫০০.০০ | ৪.০০ | ৪২.০০ | ৩৩৪.০০ | ০ | ৬২০.০০ | ১০০০.০০ |
| এস্টারিক্স | ১০.৬৪২ | ৫৯৭.৭৬ | ৩২০১.৬৮ | ৩৮১০.০৮২ | ৯৮.০৩৫ | ৪৬৬.৮০ | ১০০৩.৬৮ | ৪০০৪.৩২ | ৫৫৭২.৮৩৫ | ১৫০০.০০ | ১২.০০ | ৬৪.০০ | ১৪৯৪.০০ | ২০০০.০০ | ২৬৯৫.০০ | ৬২৬৫.০০ |
| কারেজ | ২.৫২ | ৬৩.১২ | ২৩৮.৩২ | ৩০৩.৯৬ | ১৯.৯২ | ১৫৯.২৮ | ০ | ৭৯৯.৭৬ | ৯৭৮.৯৬ | ৫০০.০০ | ২.০০ | ৩০.০০ | ১৬৬.০০ | ০ | ৮০২.০০ | ১০০০.০০ |
| লেডিরোসেটা | ১.৬৪ | ০ | ৫০.৪৪ | ৫২.০৮ | ২০.৮৩৭ | ০ | ০ | ০ | ২০.৮৩৭ | ১০০০.০০ | ২.০০ | ২০.০০ | ১৭২.০০ | ০ | ০ | ১৯৪.০০ |
| সাগিতা | ০ | ৩৫.৯২ | ০ | ৩৫.৯২ | ০ | ৯৬.০০ | ০ | ১৬৯.৪৪ | ২৬৫.৪৪ | ১০০.০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বেলিনি | ০ | ০ | ০ | ০ | ০ | ১৯.৩৬ | ০ | ০ | ১৯.৩৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ১২৭.০০ | ১২৭.০০ |
| লরা | ০ | ০ | ০ | ০ | ০ | ১১.৬০ | ০ | ০ | ১১.৬০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৮২.০০ | ৮২.০০ |
| মেরিডিয়ান | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১০০.০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| পেট্রোনিস | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ২০০.০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| সিডলিং টিউবার | ০ | ০ | ১৭.০৪ | ১৭.০৪ | ০ | ০ | ০ | ১৬.১৬ | ১৬.১৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩৫.০০ | ৩৫.০০ |
| পর্যবেক্ষণমূলক (সম্পূর্ণ নতুন | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১০.০০ | ১০.০০ |
| টিপিএস | ০ | ০ | ০.০১ | ০.০১ | ০ | ০ | ০ | ০.০০৯ | ০.০০৯ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০২৫ | ০.০২৫ |
| মোট ঃ | ২৭৪.৭৪৭ | ৩৯০১.৭৫ | ১৫৮৫০.৫৯ | ২০০২৭.০৮৭ | ৩৯৮.৬০৩ | ৩৭৯৭.৭৩৫ | ৩০৯৭.২৮ | ১৪৬৬৮.৪১৫ | ২১৯৬২.০৩৩ | ১৩৮০০.০০ | ৪০.০০ | ৩৩২.০০ | ৩৯৫৬.০০ | ৭০০০.০০ | ১১৭১৭.০২৫ | ২৩০৪৫.০২৫ |

(মোঃ রফিকুল ইসলাম)
উপ ব্যবস্থাপক(উন্নয়ন)
বিএডিসি, ঢাকা।

(মোঃ আব্দুস সোবিহান)
ব্যবস্থাপক(কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

(মোঃ আজিজুল হক)
মহা ব্যবস্থাপক(বীজ)
বিএডিসি, ঢাকা।

# ২০১৩-১৪ বর্ষে বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য সীড প্রমোশন কমিটির ৬৫তম সভার কার্যপত্র

(১) ২০১৩-১৪ বর্ষে প্লান্টলেট দ্বারা জাতওয়ারী মিনি টিউবার বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ ঃ

| ক্রঃ নং | খামারের নাম | ডায়মন্ট | | কার্ডিনাল | | গ্রেনোলা | | এস্টারিক্স | | কারেজ | | লেডিরোসেটা | | মোট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্লান্টলেট (সংখ্যা) | উৎপাদন (মে.টন) | প্লান্টলেট (সংখ্যা) | উৎপাদন (মে.টন) | প্লান্টলেট (সংখ্যা) | উৎপাদন (মে.টন) | প্লান্টলেট (সংখ্যা) | উৎপাদন (মে.টন) | প্লান্টলেট (সংখ্যা) | উৎপাদন (মে.টন) | প্লান্টলেট (সংখ্যা) | উৎপাদন (মে.টন) | প্লান্টলেট (সংখ্যা) | উৎপাদন (মে.টন) |
| ১ | ডোমার | ৯০০০০ | ৯.০০ | ৯০০০০ | ৯.০০ | ৪০,০০০ | ৪.০০ | ১০০০০০ | ১০.০০ | ৩০০০০ | ৩.০০ | ১০০০০ | ১.০০ | ৩৬০০০০ | ৩৬.০০ |
| ২ | আমলা | ১০০০০ | ১.০০ | ১০০০০ | ১.০০ | ০ | ০ | ২০০০০ | ২.০০ | ০ | ০ | ০ | ০ | ৪০০০০ | ৪.০০ |
| | মোট ঃ | ১০০০০০ | ১০.০০ | ১০০০০০ | ১০.০০ | ৪০০০০ | ৪.০০০ | ১২০০০০ | ১২.০০ | ৩০০০০ | ৩.০০ | ১০০০০ | ১.০০ | ৪২০০০০ | ৪০.০০০ |

(২) ২০১৩-১৪ বর্ষে সংস্থার খামারে সিডলিং টিউবার উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ ঃ

| ক্রমিক নং | উৎপাদন কেন্দ্রের নাম | জমির পরিমাণ (একর) | সিডলিং টিউবার উৎপাদন (মে.টন) |
|---|---|---|---|
| ১ | ডোমার খামার | ৩.৫০০ | ৩৫.০০০ |
| | মোট ঃ | ৩.৫০০ | ৩৫.০০০ |

(৩) ২০১৩-১৪ বর্ষে কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের (বিএডিসি অংগ) ডিপিপি'র সংস্থান অনুযায়ী বিদেশ থেকে ৮০ মে.টন বেসিক বীজআলু (ক্লাস-ই) আমদানী প্রস্তাবনা ঃ

| ক্রমিক নং | বীজ আলুর জাত | আমদানীতব্য বেসিক বীজআলুর পরিমাণ (মে.টন) |
|---|---|---|
| ১ | এস্টারিক্স | ৮০ |
| | মোট ঃ | ৮০.০০০ |

(৪) ২০১৩-১৪ বর্ষে টিসিআরসি কর্তৃক ব্রিডার বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা এবং বিএডিসি কর্তৃক ব্রিডার বীজআলু সংগ্রহ প্রস্তাবনা ঃ

| ক্রমিক নং | বীজ আলুর জাত | টিসিআরসি কর্তৃক ব্রিডার বীজ আলু উৎপাদন লক্ষ্যমাত্রা (মে.টন) | বিএডিসি কর্তৃক ব্রিডার বীজ আলু সংগ্রহ প্রস্তাবনা (মে.টন) |
|---|---|---|---|
| ১ | কার্ডিনাল | ১২৫মে.টন | ৪০ মে.টন |
| ২ | এস্টারিক্স | ৮০ মে.টন | ৬০ মে.টন |
| ৩ | ডায়মন্ট | ৮০ মে. টন | |
| ৪ | গ্রানুলা | ২৫ মে. টন | |
| ৫ | অন্যান্য | ৫০ মে. টন | |
| | মোট ঃ | ৩৬০ মে.টন | ১০০ মে.টন |

১৩.৭.১৩
(মোঃ রফিকুল ইসলাম)
উপ ব্যবস্থাপক(উন্নয়ন)
বিএডিসি, ঢাকা।

(মোঃ আব্দুস সোবহান)
ব্যবস্থাপক(কর্মসূচি)
বিএডিসি, ঢাকা।

(মোঃ আজিজুল হক)
মহা ব্যবস্থাপক(বীজ)
বিএডিসি, ঢাকা।

পরিশিষ্ট-গ

## সীড প্রমোশন কমিটির ৬৫তম সভায় বিএডিসি'র মাধ্যমে ২০১৩-১৪বর্ষে পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা পূনঃনির্ধারণের তথ্য

| জাত | বীজ বিতরণ (মে.টন) | | | সীড প্রমোশন কমিটির ৬৩ তম সভায় ২০১৩-১৪ বর্ষে পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ(মে.টন) | | | স্থিতি (মে.টন) | ডিএই'র চাহিদা (মে.টন) | ২০১৩-১৪ বর্ষে পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা পূনঃনির্ধারণ (মে.টন) | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ভিত্তি | প্রত্যায়িত | মোট | ২০১২-১৩ | ২০১৩-১৪ | ভিত্তি | প্রত্যায়িত | মোট | ২০১৩-১৪ | ২০১৪-১৫ |
| সিভিএল-১ | ২২৪ | ৩২৮.৪ | ২২৪.৯৯১ | ৬ | ৪৮০ | ৪৮৬ | ০.০০০ | ২০০ | ৬.৫ | ৫৭৬.০ | ৫৮২.৫০০ | ১০০.০ | ৭৫.০ |
| বিজেসি-৭৩৭০ | ২৭ | ৬৮.৯ | ৫৭.৩৯৫ | ১ | ৫০ | ৫১ | ০.০০০ | ৬০ | ১.৫ | ৬০.০ | ৬১.৫০০ | ২০.০ | ১৫.০ |
| বিনা দেশী পাট | ২ | | | ১ | | ১ | | | ০.৫ | | ০.৫০০ | ৬.০ | ৫.০ |
| বিনা পাটশাক | ১ | ০.৪ | ১.১২০ | ১ | | ১ | ০.০০০ | ২ | ০.৫ | | ০.৫০০ | ৬.০ | ৫.০ |
| কেনাফ | | | | ১০ | ২০০ | ২১০ | | | ১০.০ | | ১০.০০০ | | ১০০.০ |
| মোট দেশী ঃ | ২৫৪ | ৩৯৭.৭ | ২৮৩.৫০৬ | ১৯ | ৭৩০ | ৭৪৯ | ০.০০০ | ২৬২ | ১৯.০ | ৬৩৬.০ | ৬৫৫.০০০ | ১৩২.০ | ২০০.০ |
| ও-৭২ | ৭৫ | ১৫৫.৬ | ৩৭.৬৪৪ | ২ | ৯৮ | ১০০ | ৮৭.১৫৬ | ১০০ | ২.০ | ৪০.৪ | ৪২.৪২১ | ২৫.০ | ২০.০ |
| ও-৯৮৯৭ | ৩৮২ | ৩২৯.৫ | ৩১২.৭৮৭ | ২৮ | ৯৭২ | ১০০০ | ১৩৩.৬১০ | ৪৫০ | ২৮.৫ | ৬০৫.০ | ৬৩৩.৫০০ | ২৫৮.০ | ৩০০.০ |
| ও-৭৯৫ | | ০.২ | | ১ | | ১ | ০.৮২৯ | | ০.৫ | | ০.৫০০ | ১৫.০ | ৫.০ |
| জেআরও-৫২৪ | ১৩৮ | | ১৯.০১৬ | | | | ২০২.৯৮৪ | | | | | | |
| মোট তোষা ঃ | ৫৯৫ | ৪৮৫.৩ | ৩৬৯.৪৪৭ | ৩১ | ১০৭০ | ১১০১ | ৪২৪.৫৭৯ | ৫৫০ | ৩১.০ | ৬৪৫.০ | ৬৭৬.৪২১ | ২৯৮.০ | ৩২৫.০ |
| সর্বমোট ঃ | ৮৪৯ | ৮৮৩ | ৬৫২.৯৫৩ | ৫০ | ১৮০০ | ১৮৫০ | ৪২৪.৫৭৯ | ৮১২ | ৫০.০ | ১২৮১.০ | ১৩৩১.৪২১ | ৪৩০.০ | ৫২৫.০ |

১৩.৭.২০১৬
(মো: রফিকুল ইসলাম)
উপব্যবস্থাপক(উন্নয়ন)
বিএডিসি, ঢাকা

(মোঃ আব্দুস সোবহান)
ব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা

১৫.৭.১৬
(মোঃ আজিজুল হক)
মহা ব্যবস্থাপক(বীজ)
বিএডিসি, ঢাকা

পরিশিষ্ট-৫

# কৃষি মন্ত্রণালয়ে ২২/০৭/২০১৩ তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৬৫ তম সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ

স্থান ঃ সম্মেলন কক্ষ (কক্ষ নং ৫১২, ভবন নং ০৪), বাংলাদেশ সচিবালয় সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | বিভাগ/ সংস্থার নাম | মোবাইল নং/ ই-মেইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ আব্দুল খালেক উপ পরিচালক | বিএডিসি | ০১৭১১২৮৭৭২৭ | [signature] ২২/৭/২০১৩ |
| ২ | Dr. Shamsun Noor Director TCRC | BARI | 01198158530 | [signature] 22-7-13 |
| ৩ | Dr. Md. Shamsher Ali Director (Research) | BRRI | 01715158031 | [signature] 22/7/13 |
| ৪ | মোঃ আব্দুস সাত্তার [illegible] | বিজেআরআই | 01717-678805 | [signature] 22/7/13 |
| ৫ | A. T. M. Rafiqul Islam Deputy Manager (Ag) | BMDA Rajshahi | 01712701716 | [signature] 22/7/13 |
| ৬ | [illegible] | [illegible] | 01552348903 | [signature] 22.07.13 |
| ৭ | [illegible] | [illegible] | 01713520672 | [signature] 22.07.13 |
| ৮ | মোঃ [illegible] | বীজ প্রত্যয়ন এজেন্সি | 01199306061 | [signature] 22/7/13 |
| ৯ | [illegible] প্রকল্প পরিচালক [illegible] | বিএডিসি, কমিউনিকেশন ঢাকা | [illegible] | [signature] 22/7/13 |
| ১০ | মোঃ শফিকুল ইসলাম [illegible] | [illegible] | 01552492511 | Islam 22.7.2013 |
| ১১ | মোঃ জাকির হাসনাৎ তথ্য অফিসার (উ.স.) | কৃষি তথ্য সার্ভিস | 01716987387 zhasnat@yahoo.com | [signature] 22/7/13 |

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | বিভাগ/ সংস্থার নাম | মোবাইল নং/ ই-মেইল নং | স্বাক্ষর |
| --- | --- | --- | --- | --- |
| ১২ | ড. বশির আহমেদ উপব্যবস্থাপক (পাট বীজ) | পাট বীজ বিভাগ -বিএডিসি | ০১৭২৮৩১১৭৮৩ | [signature] 22/7/13 |
| ১৩ | মোঃ রাসেল আলী সহঃ প্রকল্প ব্যবস্থাপক (পাট বীজ) | পাট বীজ বিভাগ -বিএডিসি | 01716-777817 | [signature] 22/07/13 |
| ১৪ | নরেশ চন্দ্র দাস | যুগ্ম-পরি (বীজ) বিএডিসি | 01715087795 | [signature] 22/7/13 |
| ১৫ | মোঃ আতাউর রহমান | অতিরিক্ত মহাব্যবস্থাপক (কঃ বীঃ) বিএডিসি | ০১৭১১-৬৮২০৮৩ | [signature] 22/7/13 |
| ১৬ | মোঃ নূরুল হক | প্রকল্প পরিচালক ভিত্তিবীজ, বিএডিসি | | |
| ১৭ | মোঃ হাবিব জামান মহাব্যবস্থাপক, বীজ | এসিআই সীড লিমিটেড | ০১৭১৩০৮৩৬৬৬ | [signature] |
| ১৮ | ড. মোঃ আবুল কালাম আজাদ পরিচালক গবেষণা | বিনা, ময়মনসিংহ | 01710763003 | [signature] |
| ১৯ | মোঃ আবদুল্লাহ-আল-কাফী অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ) | বিএডিসি | 01712-045114 | [signature] 22/7/2013 |
| ২০ | ড. মোঃ রেজাউল করিম | বিজেআরআই | 01713201041 | [signature] 22/7/13 |
| ২১ | মোঃ আনিসুজ্জামান অতি. মহাব্যবস্থাপক (বীজ) | বিএডিসি | 01732251581 | [signature] 22/7/13 |
| ২২ | Md. Shahjahan Ali Advisor | Petrochem (Bangladesh) Ltd. SFB | 01730013391 | [signature] 22/7/2013 |
| ২৩ | Dr. Mohammad Khalequzzaman CSO(A.E.) | BRRI | 01715752595 | [signature] 22/7/2013 |
| ২৪ | মোঃ আমিনুল ইসলাম প্রধান বীজতত্ত্ববিদ | Seed Wing MOA | 01556341143 | [signature] 22/7/13 |

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | বিভাগ/ সংস্থার নাম | মোবাইল নং/ ই-মেইল নং | স্বাক্ষর |
| --- | --- | --- | --- | --- |
| ২৫ | এ. এইচ. ইকবাল আহমেদ, পরিচালক | বীজ প্রত্যয়ন এজেন্সী | 01558301908 dir@sca.gov.bd | |
| ২৬ | মোঃ আবু মুহম্মদ [illegible] পরিচালক | উদ্ভিদ সংরক্ষণ উইং, ডি.এ.ই | 01819252139 | |
| ২৭ | মোহাম্মদ হোসেন পরিচালক (বীজ) | বিএডিসি ঢাকা | 01552380552 | |
| ২৮ | | | | |
| ২৯ | | | | |
| ৩০ | | | | |
| ৩১ | | | | |
| ৩২ | | | | |
| ৩৩ | | | | |
| ৩৪ | | | | |